# ৬২১ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানকে শোকজ

নিজস্ব প্রতিবেদক
২৬ জুলাই ২০২৬, ১২:০০ এএম

দীর্ঘদিন ধরে শিক্ষার্থী ভর্তি না করা ৬২১টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড। কেন এসব প্রতিষ্ঠানের ভর্তি কার্যক্রম স্থগিত এবং পাঠদানের অনুমোদন বাতিল বা প্রত্যাহার করা হবে না তার লিখিত ব্যাখ্যা দিতে বলা হয়েছে নোটিশে। কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের যেসব প্রতিষ্ঠানে দীর্ঘদিন শিক্ষার্থী ভর্তি করা হচ্ছে না, সেসব প্রতিষ্ঠানকে আগামী ২০২৬-২৭ শিক্ষাবর্ষ হতে ভর্তি কার্যক্রম স্থগিতসহ প্রতিষ্ঠানের পাঠদান অনুমোদন কেন বাতিল/প্রত্যাহার করা হবে না মর্মে গত ২২ জুলাইয়ের মধ্যে ব্যাখ্যা

প্রদানের জন্য ওয়েবসাইটে নোটিশ প্রদান করা হয়। এ বিষয়ে কিছু প্রতিষ্ঠানের ব্যাখ্যা পাওয়া গেলেও বাকি প্রতিষ্ঠান এখনও ব্যাখ্যা দেয়নি।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২৪-এর উপবিধি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে শর্তাবলি পূরণে ব্যর্থ হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি বাতিল বা প্রত্যাহার করতে পারবে।